



## ফুটবল বিতরণ প্রকল্প

তারিখঃ ০৩/০৫/২০২৩

মানবসেবামূলক ও অন্যান্য সামাজিক কাজের পাশাপাশি স্বাস্থিক সংগঠন সর্বদাই আমাদের খেলাধুলার অতীত ঐতিহ্যকে আরও বেগবান করার স্বপ্ন লালন করে এসেছে। স্বাস্থিক বিশ্বাস করে, বর্তমান যুগে স্মার্টফোনের বহুল ব্যবহারের কারণে যে সামাজিক ব্যাধি দেখা দিয়েছে, সেখান থেকে মানসিক মুক্তি মেলানোর একটা অন্যতম হাতিয়ার হল যুবসমাজকে উচ্চশিক্ষায় শিক্ষিত করার ব্যাপারে উৎসাহ যোগানো এবং অবসরের সময়টা বিভিন্ন খেলাধুলায় তাদেরকে নিয়োজিত থাকার উৎসাহ প্রদান। শিক্ষামূলক বিভিন্ন কার্যক্রম “স্বাস্থিক” অনেক দিন ধরেই করে আসছে, এবার খেলাধুলার অতীত ঐতিহ্যকে আরেকটু বেগবান করার দিকে মনোনিবেশ করেছে আমাদের প্রিয় সংগঠন।

যার ধারাবাহিকতায় ০২/০৫/২০২৩ তারিখ বিকাল ৪ঘটিকায় স্বাস্থিকের নিজস্ব অর্থায়ন ও তত্ত্বাবধায়নে বান্দা স্কুল এন্ড কলেজ মাঠে বিভিন্ন বয়সী যুবকদের মাঝে বিতরণ করা হয় ফুটবল। যে প্রকল্পের কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন স্বাস্থিকের অনার্স শাখার নিয়মিত সদস্য রাজীব মন্ডল এবং সহকারী কো-অর্ডিনেটরের ভূমিকায় ছিলেন এক্সিকিউটিভ সদস্য শাওন চক্রবর্তী। যে মোট ২টি ফুটবল প্লেয়ারদের মাঝে বিতরণ করা হয় এবং প্রকল্পে ব্যয় ১৫০০ টাকা।

স্বাস্থিক মনে করে, খেলাধুলাকে অবসর যাপনের হাতিয়ার হিসেবে গ্রহণ করতে পারলে স্মার্টফোন, মাদক সহ অন্যান্য মরণ নেশা থেকে আমাদের যুবসমাজ কিছুটা হলেও মুক্তি লাভ করবে এবং উপহার দেবে একটি শারীরিক ও মানসিক ভাবে সুস্থ সমাজ ও জাতি।

প্রতিবেদক

জয়ানন্দ মন্ডল

১৬/১০/২০২৩

অনার্স শাখা, স্বাস্থিক